**অতি জরুরি**
<u>বাজেট অগ্রাধিকার</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

## বাজেট পরিপত্র

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২২-১৭৪ তারিখঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৯ / ১৩ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ **মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন।**

সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের (২০২২-২৩) বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশোধিত বাজেট প্রণয়ন করা প্রয়োজন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

১.১ **সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা**

- ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। **কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;**

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থবছরের (২০২২-২৩) মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

- ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট **উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০১; তারিখ: ০৩.০৭.২০২২) অনুযায়ী বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় **নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে। এ খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে কোনভাবেই স্থানান্তর করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০১; তারিখ: ০৩.০৭.২০২২) অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে **'৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', খাতে বরাদ্দকৃত অর্থে শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় বরাদ্দকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ব্যয় করা যাবে। সেসাথে এ খাতের অব্যয়িত অর্থ অন্য খাতে কোনক্রমেই স্থানান্তর করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ১৬; তারিখ: ২১.০৭.২০২২) অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে **'৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ**

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**৮০% ব্যয় করা যাবে** এবং **বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫% সাশ্রয় করতে হবে।** **এ খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না;**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পত্র (নং ১৩৯; তারিখ: ০৯.১১.২০২২) অনুযায়ী পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের **সকল পর্যায়ের কর্মকর্তাদের সকল প্রকার বিদেশ ভ্রমণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে**। এছাড়া, **স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নেও সকল প্রকার বিদেশ ভ্রমণ বন্ধ থাকবে; এবং**

- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ১৬৮; তারিখ: ১৩.১২.২০২২) অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের **পরিচালন বাজেটের অধীন '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' ও 'যন্ত্রপাতি ও সরঞ্জামাদি' ('৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি', '৪১১২৩১৪-আসবাবপত্র' ও '৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি') খাতের ব্যয় স্থগিত থাকবে। এছাড়া, পরিচালন বাজেটের অধীন 'ভবন ও স্থাপনাসমূহ' ('৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন', '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা') খাতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে নতুনভাবে কার্যাদেশ (Notification of Award-NoA) প্রদান করা যাবে না এবং ইতোমধ্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে কেবলমাত্র এরূপ ক্ষেত্রে বাজেট বরাদ্দের ৫০% এর বেশি ব্যয় করা যাবে না। এসব খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।**

### ১.২ **২০২২-২৩ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি**

২০২২-২৩ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-১** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২০-২১ এবং ২০২১-২২) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২২-২৩) প্রথম ৪/৫ মাসের রাজস্ব আদায়ের ধারা (Revenue Collection Trend) বিবেচনা করতে হবে এবং এর ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

### ১.৩ **২০২২-২৩ অর্থবছরের পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি**

পরিচালন ব্যয়ের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-২** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২০-২১ এবং ২০২১-২২) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২২-২৩) প্রথম ৪/৫ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

- বেতন-ভাতা খাতে ২০২২-২৩ অর্থবছরের প্রথম ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরূপ প্রাক্কলন তৈরির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করা যেতে পারে;
- মূল বাজেটে সংস্থান ছিল না এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না;
- চলতি অর্থবছরে (২০২২-২৩) অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে 'সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক' হতে কোন আইটেম/অর্থনৈতিক কোডে বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

## ১.৪ উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-৩** ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান স্কিম এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট স্কিমের সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট স্কিমের জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় এর প্রতি লক্ষ্য রাখতে হবে।

## ১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের পদ্ধতি

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য **ফরম-৪** ও **ফরম-৫** (কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং **ফরম-৬** (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- চলতি ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিপরীতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে পিএ অংশে সম্পূর্ণ ব্যয় করা যাবে এবং সেক্ষেত্রে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;
- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে;
- ২০২২-২৩ অর্থবছরের এডিপি বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;
- ২০২২-২৩ অর্থবছরের এডিপি-তে যেসকল প্রকল্প/প্রকল্পসমূহে আন্তঃসমন্বয় করা হয়েছে আরএডিপি-তে তার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, ঘূর্ণিঝড় ও বন্যা উত্তর পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;
- 'যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত' অথবা 'এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত' এবং 'বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অংগীকারপ্রাপ্ত প্রকল্প' ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প/এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব প্রকল্পের ডিপিপি জানুয়ারি, ২০২৩ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে না সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লেখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয়ের বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্যচুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তি সুনিশ্চিত) প্রকল্পের ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্তে পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবী/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;
- ধীর গতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ কর্তন করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, বন্যা উত্তর পুনর্বাসন এবং ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- চলতি উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- **সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যেসমস্ত মূলধনী ক্রয়ের জন্য মূলধন খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে সেসমস্ত মূলধনী ক্রয়ের অর্থনৈতিক কোডেই এ বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে।**

## ২.০ বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/কাগজপত্র

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

## ৩.০ স্পষ্টীকরণ

বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগে স্থাপিত **হেল্প ডেস্ক** কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। হেল্প ডেস্ক কর্মকর্তাগণের নাম ও ফোন নং **পরিশিষ্ট-১** এ দেয়া হল।

## ৪.০ বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা

চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ৫ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-

**(নাজমা মোবারেক)**
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫১১০৫০
ই-মেইলঃ nazmam@finance.gov.bd

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১০. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহণ পুল, সচিবালয় লিংক রোড, ঢাকা
১৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা
১৭. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১৮. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
১৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
২২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
২৭. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
৩৩. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩৯. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৪০. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৪৪. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৪৫. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
৪৬. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৪৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬০. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬২. রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২২-১৭৪

তারিখঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৯ / ১৩ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১/২/৩), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ
২. যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪/৫/৬/৭/৮), বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
৩. যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ
৪. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৬. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৭. অতিরিক্ত সচিব (বাজেট-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৮. অতিরিক্ত সচিব (বাজেট-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ

১৩.১২.2022

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬

**পরিশিষ্ট-১**

## অর্থ বিভাগের হেল্প ডেস্ক* এর কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১. | অর্থ বিভাগ | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জনাব মোহাম্মদ আনিসুজ্জামান<br>উপসচিব, বাজেট - ১ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৪. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৬. | সরকারি কর্মকমিশন সচিবালয় | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব, বাজেট - ২ অধিশাখা<br>ফোনঃ ৯৫৭৬০২৯ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৭. | খাদ্য মন্ত্রণালয় | জনাব মোঃ তৌহিদুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ৩ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩১৮৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | জনাব মোঃ তৌহিদুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ৩ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩১৮৬ | জনাব সিরাজুন নূর চৌধুরী<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৯. | রাষ্ট্রপতির কার্যালয় | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১০. | নির্বাচন কমিশন সচিবালয় | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১১. | স্বাস্থ্যসেবা বিভাগ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১২. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>উপসচিব, বাজেট - ৪ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৩. | প্রধানমন্ত্রীর কার্যালয় | বেগম ফৌজিয়া রহমান<br>উপসচিব, বাজেট - ৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৬ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৪. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | বেগম ফৌজিয়া রহমান<br>উপসচিব, বাজেট - ৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৬ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৬. | জননিরাপত্তা বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৭. | সুরক্ষা সেবা বিভাগ | জনাব মোহাম্মদ মশিউর রহমান<br>উপসচিব, বাজেট - ৬ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৮. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>উপসচিব, বাজেট - ৭ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১৯. | সশস্ত্র বাহিনী বিভাগ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>উপসচিব, বাজেট - ৭ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | জনাব মোহাম্মদ মানজারুল মান্নান<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ২০. | পররাষ্ট্র মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২২. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ৮ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৩. | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | জনাব মেহেদী মাসুদুজ্জামান<br>যুগ্মসচিব, বাজেট - ৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৪. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জনাব মেহেদী মাসুদুজ্জামান<br>যুগ্মসচিব, বাজেট - ৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৫. | মন্ত্রিপরিষদ বিভাগ | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৬. | দুর্নীতি দমন কমিশন | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৭. | জনপ্রশাসন মন্ত্রণালয় | জনাব হায়াত মোঃ ফিরোজ<br>উপসচিব, বাজেট - ১০ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৮. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ২৯. | জাতীয় সংসদ সচিবালয় | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩০. | বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | জনাব মোঃ তাজুল ইসলাম<br>উপসচিব, বাজেট - ২১ অধিশাখা<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩১. | আইন ও বিচার বিভাগ | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩২. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৩. | সুপ্রীম কোর্ট | জনাব শাহরিয়ার জামিল<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ২২<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৪. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৫. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৬. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বেগম নাছরিন আক্তার<br>উপসচিব, বাজেট - ২৩ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৭. | স্থানীয় সরকার বিভাগ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>উপসচিব, বাজেট - ১১ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৭২০৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৩৮. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বেগম মাহমুদা আক্তার<br>উপসচিব, বাজেট - ১২ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৩৯. | বাণিজ্য মন্ত্রণালয় | বেগম মাহমুদা আক্তার<br>উপসচিব, বাজেট - ১২ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪০. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | মিজ সুরাইয়া জাহান<br>উপসচিব, বাজেট - ১৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪১. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | মিজ সুরাইয়া জাহান<br>উপসচিব, বাজেট - ১৩ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪২. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | জনাব নূরউদ্দিন আল ফারুক<br>উপসচিব, বাজেট - ১৪ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪৩. | শিল্প মন্ত্রণালয় | জনাব নূরউদ্দিন আল ফারুক<br>উপসচিব, বাজেট - ১৪ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪৪. | বিদ্যুৎ বিভাগ | জনাব ফয়সল জহুর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৫<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৫. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | জনাব ফয়সল জহুর<br>সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৫<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৬. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | জনাব টি, কে, এম মোশফেকুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৬ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৭. | সেতু বিভাগ | জনাব টি, কে, এম মোশফেকুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৬ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৮. | নৌ-পরিবহন মন্ত্রণালয় | মুহাম্মদ আনিসুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৭ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৯. | রেলপথ মন্ত্রণালয় | মুহাম্মদ আনিসুর রহমান<br>উপসচিব, বাজেট - ১৭ অধিশাখা<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | ড. আবদুর রহিম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৫০. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | বেগম কাউসার নাসরীন<br>উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫১. | ভূমি মন্ত্রণালয় | বেগম কাউসার নাসরীন<br>উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫২. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বেগম মিলিয়া শারমিন<br>উপসচিব, বাজেট - ১৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৩. | পানি সম্পদ মন্ত্রণালয় | বেগম মিলিয়া শারমিন<br>উপসচিব, বাজেট - ১৯ অধিশাখা<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৪. | কৃষি মন্ত্রণালয় | জনাব হোসেন আহমেদ<br>উপসচিব, বাজেট - ২০ অধিশাখা<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৫. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | জনাব হোসেন আহমেদ<br>উপসচিব, বাজেট - ২০ অধিশাখা<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৬. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | মোছাঃ রুখসানা রহমান<br>উপসচিব, বাজেট-২৪ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৫৭. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | মোছাঃ রুখসানা রহমান<br>উপসচিব, বাজেট-২৪ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৮. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | বেগম খালেদা নাছরিন<br>উপসচিব, বাজেট-২৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৯. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | বেগম খালেদা নাছরিন<br>উপসচিব, বাজেট-২৫ অধিশাখা<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬০. | পরিকল্পনা বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬১. | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬২. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | জনাব মুহাম্মদ আলী প্রিন্স<br>উপসচিব, বাজেট-২৬ অধিশাখা<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম রহিমা বেগম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা -৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

* **জনাব সিরাজুন নুর চৌধুরী, অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা-১)** হেল্প ডেস্ক এর **সমন্বয়কারী (Coordinator)** হিসেবে দায়িত্ব পালন করবেন এবং কোন বিষয়ে স্পষ্টীকরণ/সহায়তার প্রয়োজন হলে তাঁর অধিশাখার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে।